রাষ্ট্রপতির কার্যালয়

আপন বিভাগ

প্রশাসন শাখা

www.bangabhaban.gov.bd

নম্বর: ০২.০০.০০০০.০০৭.১১.৫৮১.২২.

তারিখ: ফাল্গুন ১৪৩১ / ফেব্রুয়ারি ২০২৫

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৩.০৪.২০২৪ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৬৩৬.২০২৪-২৬ নম্বর স্মারকে প্রদত্ত সুপারিশের পরিপ্রেক্ষিতে এবং "রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগ এর গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১০" ও এর সাথে সংশ্লিষ্ট "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" এর বিধান অনুযায়ী নিম্নবর্ণিত ব্যক্তিকে রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগে সরাসরি নিয়োগযোগ্য "সিস্টেম এনালিস্ট (৫ম গ্রেড)" এর ০১ (এক) টি শূন্য পদে নিম্নলিখিত শর্তাধীনে অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নম্বর	নিয়োগপ্রাপ্ত ব্যক্তির নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	বেতনক্রম (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)
১.	মোঃ নজরুল ইসলাম (রেজিস্ট্রেশন নম্বর-০০০০১৫) পিতা: মোঃ আঃ সোবহান খান মাতা: মোসাঃ শিরিয়া বেগম	গ্রাম: গোয়ালদী, ডাকঘর: পুরাপাড়া উপজেলা: নগরকান্দা, জেলা: ফরিদপুর।	টাকা ৪৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড)

শর্তাবলী:

(ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী, তা যোগদানের তারিখ হতে কার্যকর হবে এবং কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল করা যাবে;

(খ) সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত শারীরিক যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটসহ যোগদানপত্র দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোনো বিরূপ মন্তব্য পাওয়া গেলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির চাকরি "রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগ এর গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী নিয়োগবিধিমালা, ২০১০" এবং এর সাথে সংশ্লিষ্ট "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আদেশ/নির্দেশ অনুযায়ী পরিচালিত হবে:

(ঘ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং বর্তমানে বিদ্যমান ও সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঙ) চাকরিতে যোগদানের সময় চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রসহ অন্যান্য কাগজপত্রের মূলকপি প্রদর্শন এবং ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে যোগদানপত্রের সাথে জমা দিতে হবে;

(চ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রে কোনোরূপ গরমিল পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে এ প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে;

(ছ) চাকরিতে যোগদানের তারিখ হতে ২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। তবে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে শিক্ষানবিসির মেয়াদ সর্বসাকুল্যে আরও ২ (দুই) বৎসর পর্যন্ত বর্ধিত করতে পারবেন। শিক্ষানবিসকালে আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত হলে চাকরিতে স্থায়ী করা হবে। শিক্ষানবিসকালে আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে চাকরির অবসান ঘটানো যাবে;

(জ) শিক্ষানবিসকালে আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয় কর্তৃক সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে সে পরীক্ষা ও প্রশিক্ষণ গ্রহণ না করলে চাকরি স্থায়ী করা হবেনা;

(ঝ) কোনো তথ্য গোপন করে অথবা মিথ্যা তথ্য দিয়ে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

[চলমান পৃষ্ঠা-২]